



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১২ আগস্ট ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

নান্যাচরে সেনাবাহিনী কর্তৃক ১৪ জন নিরীহ গ্রামবাসীকে আটকের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙ্গামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ ১২ আগস্ট ২০১৬ শুক্রবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে নান্যাচর উপজেলার সাবেক্ষ্যং ইউনিয়নের মধ্য আদাম নামক গ্রামে সেনাবাহিনী কর্তৃক ১৪ জন নিরপরাধ নিরীহ গ্রামবাসীকে আটকের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি অভিযোগ করে বলেন, আজ (শুক্রবার) সকাল সাড়ে ৬টায় মহালছড়ি জোনের জোন কমান্ডার লে.কর্ণেল হুমায়ুন কবীর (৩২ বীর)-এর নেতৃত্বে একদল সেনা সদস্য নান্যাচর উপজেলার সাবেক্ষ্যং ইউনিয়নের মধ্যআদাম নামক গ্রামের হানা দেয়। এ সময় গ্রামবাসীরা তাদের ক্ষেত-খামার, বাগান-বাগিছা ও ধান্য জমিতে কাজে যাওয়ার জন্য প্রস্তুতি নিচ্ছিলেন। গ্রামবাসীরা কোন কিছু বুঝে উঠার আগেই সেনারা জনপ্রতিনিধি, গ্রামের কার্বারী, স্কুল ছাত্রসহ ১৪ জন নিরীহ গ্রামবাসীকে আটক করে মহালছড়ি জোনে নিয়ে যায়।

আটককৃতরা হলেন-১. বৃষকেতু চাকমা(৪০) পিং- তরুণী কুমার চাকমা। তিনি নান্যাচর ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের নবনির্বাচিত ইউপি সদস্য। ২. পূর্ণ চন্দ্র চাকমা (গ্রাম প্রধান), বয়স: ৬০, ৩. এডিশন চাকমা (১৬), পিং-নয়ন জ্যোতি চাকমা। সে গেন্দিয়েং করল্যাছড়ি উচ্চ বিদ্যালয়ের ১০ম শ্রেণীর ছাত্র। ৪. স্বপন চাকমা(৩২), পিং-হিরণ কুমার চাকমা, ৫. পরেশ চাকমা(২৯), পিং-কমলালোচন চাকমা, ৬. তুঙ্গ্যা চাকমা(২২), পিং-বক্র সেন চাকমা, ৭.নয়ন জীবন চাকমা(৪২), পিং-হিরণ কুমার চাকমা। তিনি একজন গ্রাম্য দোকানদার, ৮. বেন্দ চাকমা (৩৫), পিং-প্রফুল্ল চাকমা, ৯. নিতু চাকমা(৪১), পিং- শরৎ চন্দ্র চাকমা, ১০. চরণ চাকমা (২৬), পিং-সিংহ চাকমা, ১১. মণি চাকমা(৩৫), পিং-কৃষ্ণ চাকমা, ১২. রূপেন্দু চাকমা, পিং-অমল বিকাশ চাকমা, ১৩. ওয়াসিম চাকমা, ১৪. পূর্ণ বসু চাকমা(৫), পিং-সুরতি বিকাশ চাকমা। বিকাল ৪টা পর্যন্ত তাদেরকে ছেড়ে দেওয়া হয়নি। সেনাবাহিনীর এ ধরনের অন্যায় আটকের ঘটনায় মধ্যআদামসহ আশে-পাশের গ্রামবাসীদের মধ্যে চরম আতঙ্ক বিরাজ করছে।

বিবৃতিতে সচল চাকমা আরো বলেন, সেনারা নিরীহ গ্রামবাসীদের আটক করে ক্ষান্ত হয়নি, তারা নির্বিচারে নিরীহ লোকজনের ওপর অমানুষিক নির্যাতন চালিয়েছে। এছাড়া গ্রামের প্রায় বাড়ি-ঘরে তল্লাশি ও বাড়িতে থাকা মূল্যবান জিনিসপত্র তচনছ করে দিয়েছে।

বিবৃতিতে তিনি নিরীহ গ্রামবাসীদের অন্যায়ভাবে আটক ও নির্যাতনের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে অবিলম্বে আটককৃত গ্রামবাসীদের মুক্তি, অন্যায় ধরপাকড় ও নির্যাতন বন্ধের দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

বাবলু চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ

রাঙ্গামাটি জেলা ইউনিট।